



# THE CITY OF NEW YORK

## Office of School Health

Michael R. Bloomberg  
Mayor

Joel I. Klein  
Chancellor  
Department of Education

Thomas R. Frieden, M.D., M.P.H.  
Commissioner  
Department of Health  
and Mental  
Hygiene

তারিখ: \_\_\_\_\_

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

অনুগ্রহ করে জেনে রাখবেন যে আপনার সন্তানের মাথায় উকুন পাওয়া গেছে। উকুন সাধারণত স্কুলবয়েসী ছেলেমেয়েদের মাথায় হয়ে থাকে। মাথায় উকুন হওয়া অপরিচ্ছন্ন থাকার লক্ষণ নয় এবং যে কারও মাথায়ই উকুন হতে পারে। উকুনের মাধ্যমে রোগ ছড়ায় না এবং উকুন স্বাস্থ্যের প্রতি কোন ঝুঁকিও নয়।

আপনার সন্তানের মাথার উকুন দূরীকরণে সহায়তা করার জন্য এতদসঙ্গে “উকুন সংক্রান্ত তথ্য” এবং “উকুন নিধনে পরিবারের প্রতি পরামর্শ” সংযোজিত করা হলো।

নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে “উকুনহীনতার নীতি” রয়েছে, যার দ্বারা নিশ্চিত করা হয়:

- জীবিত উকুন মাথায় আছে, এমন কোন শিক্ষার্থীকে উকুনের চিকিৎসা না করা পর্যন্ত স্কুলে আসতে পারবে না।
- চিকিৎসার শেষে শিক্ষার্থীর মাথা উকুনমুক্ত হয়েছে বলে নিশ্চিত হলেই কেবল স্কুলে ফেরত আসতে পারবে। শিক্ষার্থীকে স্কুলে ফিরে আসার পর প্রিন্সিপ্যালের নিযুক্ত ব্যক্তি পুনরায় পরীক্ষা করবেন
- শিক্ষার্থীর মাথা উকুনমুক্ত হওয়ার ১৪ দিন পর (দিনটি ছুটির মধ্যে পড়লে কাছাকাছি স্কুল দিবসে) আবারও প্রিন্সিপ্যালের নিযুক্ত ব্যক্তি তাকে পরীক্ষা করবেন
- পুনরায় পরীক্ষার সময় শিক্ষার্থীর মাথায় উকুন পাওয়া গেলে আবারও তাকে উকুনমুক্ত না হওয়া পর্যন্ত স্কুলে আসতে দেয়া হবে না

আমেরিকান অ্যাকাডেমি অব পিডিয়াট্রিক্স, আমেরিকান পাবলিক হেলথ অ্যাসোসিয়েশন এবং ন্যাশন্যাল অ্যাসোসিয়েশন অব নার্সেস আমাদের “উকুনহীনতার নীতি” সমর্থন করে। দেশজুড়ে সকল স্কুল ব্যবস্থায় এ ধরনের নীতি সফলভাবে ব্যবহার হয়ে আসছে।

আমরা আপনাদের বাড়ির সকল বাসিন্দাদের মাথা পরীক্ষা করার এবং প্রয়োজনে চিকিৎসা করার পরামর্শ দিচ্ছি। এছাড়াও সন্তান যাতে অন্য শিক্ষার্থীদের সাথে ব্যক্তিগত ব্যবহারের সামগ্রী, যেমন ব্রাশ, চিরুনি অথবা টুপি ভাগাভাগি না করে, সে ব্যাপারে সন্তানকে সতর্ক করে দিতে আপনাদের পরামর্শ দিচ্ছি।

আপনার যদি আরও কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার ডাক্তারের সাথে কথা বলবেন অথবা স্কুল নার্সের কাছে \_\_\_\_\_ নম্বরে ফোন করবেন।